আমাদের সময়

তারিখ 23 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বইমেলার জোর প্রস্তুতি চলছে

নিজস্ব প্রতিবেদক •

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মাসব্যাপী 'অমর একুশে গ্রন্থমেলা' শুরু হবে ১ ফেব্রুয়ারি। এবারও বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানে এ মেলা অনুষ্ঠিত হবে। এবারের মেলার কলেবর আরও বাড়ানো হয়েছে। সরকারি-বেসরকারি মিলে এবার ৩৭৮টি প্রকাশনা সংস্থা মেলায় অংশ নিচ্ছে।

ইতোমধ্যে প্রকাশকদের নামে মেলার স্টল বরাদ্দ দেওয়া হয়েছে। স্টল বরাদ্দপ্রাপ্তদের ২৫ জানুয়ারির মধ্যে স্টলের নির্মাণকাজ সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে। এর মধ্যে যারা স্টল নির্মাণকাজ শেষ করতে না পারবেন তাদের বরাদ্দ বাতিল করা হবে বলে হুশিয়ারি দেওয়া হয়েছে। এ কারণে মেলার দুই অংশেই স্টল নির্মাণকাজ জোরেশোরে চলছে।

প্রচলিত নিয়ম অনুযায়ী মেলার স্টলের অবকাঠামো তৈরি করে দেবে বাংলা একাডেমি। স্টলের অন্যান্য কাঠামো ও সাজানো-গোছানোর কাজ সম্পন্ন করবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান। গতকাল সোহরাওয়ার্দী উদ্যানের অংশে গিয়ে দেখা গেছে, বেশিরভাগ স্টলের অবকাঠামো তৈরি হয়ে গেছে। বাঁশ দিয়ে স্টলের কাঠামো তৈরি করে এর ওপরে ভারী পর্দা টানিয়ে দিচ্ছে একাডেমি। এগুলোয় এখন স্টলের নম্বর লাগিয়ে দেওয়া হবে। যেসব স্টলের কাঠামো তৈরি হয়েছে সেগুলোয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো কাজ শুরু করে দিয়েছে।

বাংলা একাডেমির কর্মকর্তারা জানান, তারা আজকের মধ্যে সব স্টলের কাঠামো নির্মাণ করে দেবেন। ফলে স্টল মালিকরা আজ থেকেই পুরোদমে কাজ শুরু করতে পারবেন। স্টলের নির্মাণকাজ শেষ করতে চারদিন সময় পাবেন। স্টল মালিকরা বলেছেন, একসঙ্গে সবাইকে কাজ করতে হয় বলে লোক পাওয়া যায় না। ফলে কাজে দেরি হয়। আর চারদিনে পুরো কাজ শেষ করা সম্ভব হবে না। যারা স্টলের সৌন্দর্য বাড়াতে চান তাদের অনেক দেরি হয়।

বাংলা একাডেমি প্রাঙ্গণে স্টলের কাঠামো তৈরির কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। অনেকে স্টলের নির্মাণকাজও শুরু করেছেন। একাডেমির ভেতরে সরকারি প্রতিষ্ঠানগুলো অংশ নিচ্ছে। এর মধ্যে সবচেয়ে বেশি স্টল থাকছে বাংলা একাডেমির। তারা একাডেমির ভেতরে দুটি নিজস্ব বিক্রয়কেন্দ্র ও একটি প্যাভিলিয়নে বই বিক্রি করবে। এছাড়া সোহরাওয়ার্দী উদ্যানে থাকবে আরও একটি বড় প্যাভিলিয়ন। বইমেলায় এককভাবে বাংলা একাডেমিই সবচেয়ে বেশি বই বিক্রি করে বলে তাদের বেশি স্টল দেওয়া হয়েছে।

এবারের মেলায় দুটি তথ্যকেন্দ্র থাকবে। একটি বাংলা একাডেমিতে এবং অপরটি সোহরাওয়ার্দী উদ্যানে। তবে মেলাবিষয়ক সব ধরনের ঘোষণা বাংলা একাডেমির তথ্যকেন্দ্র থেকে দেওয়া হবে। মেলার শিশু কর্নার গত বছর বাংলা একাডেমি প্রাঙ্গণে ছিল। এবার তা সোহরাওয়ার্দী উদ্যানে নিয়ে যাওয়া হয়েছে। ওখানে শিশু কর্নারের জন্য আরও বেশি জায়গা দেওয়া হয়েছে।

মেলায় লেখকদের আড্ডা দেওয়ার জন্য দুই অংশে দুটি কর্নার থাকবে। সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানগুলো হবে বাংলা একাডেমি প্রাঙ্গণের মঞ্চে। মঞ্চের কাজ চলছে। এবারের মেলায় থাকবে ১৫টি প্যাভিলিয়ন, ৪ ইউনিটের ১৮টি স্টল, ৩ ইউনিটের ৩৮টি, ২ ইউনিটের ১২৭টি এবং ১ ইউনিটের ১৮০টি স্টল।

সোহরাওয়ার্দী উদ্যানে মেলার কাঠামোতেও পরিবর্তন আনা হয়েছে। সেখানে এবার গুচ্ছ আকারে থাকবে ১৫টি লাইন। প্রতিটি গুচ্ছে থাকবে ১টি প্যাভিলিয়ন, ৪ ইউনিটের ১টি স্টল, ৩ ইউনিটের ২টি স্টল, ২ ইউনিটের ৭টি স্টল এবং ১ ইউনিটের ৮টি স্টল।